

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

দুরাপাণী :
অফিস : ০৮৩৩২-৫৬৬৪২
অভিযোগ কেন্দ্র : ০৮৩৩২-৫৬৬৬৩
Email-habigonjpbs@yahoo.com
WEB-www.habigonjpbs.org

স্মারক নং-২৭.১২.৩৬৪৪.৫০৫.০২.৬০১.০২০.১২৩৩

তারিখঃ- ২৮ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে ইতিপূর্বে পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার (চুক্তি ভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) সন্তোষজনক ভাবে কর্মসম্পাদন করেছেন এমন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতাদি | প্রার্থীর যোগ্যতা |
|---------|---|---|--|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো- ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪৭০০.০০ হতে ২৬৪৮০.০০ টাকা সহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি। | ০১। বয়স সীমাঃ প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৫২ (বায়ান) বছর (২৯/০৩/২০২০ খ্রিস্টাব্দ তারিখে)। তবে সর্বোচ্চ ০৯ বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করতে পারবেন। ০২। অভিজ্ঞতাঃ আগ্রহী প্রার্থীর মিটার রিডার /ম্যাসেঞ্জার /মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে ০৩ বছর/০৬ বছর/০৯ বছর/১২বছর/১৫বছর/১৮ বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। ০৪। অন্যান্য যোগ্যতাঃ (ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। (খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। (গ) প্রার্থীকে পাটিগনিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে। |

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীগণকে হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট (www.pbs.habiganj.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ফরম নং-০১) ডাউন লোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ২৯/০৩/২০২০খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা সরাসরি টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না। কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ
(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।
(খ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জীন ছবি।
(গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্র।
(ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত “অভিজ্ঞতা সনদ” যা এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।
- ০৩। নির্বাচিত প্রার্থীর ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপ্তে প্রথম পক্ষের ইচ্ছাক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবস বিরতি দিয়ে একই সমিতিতে পরবর্তী ০৩(তিন) বছর মেয়াদী ২য় চুক্তি সম্পাদিত হবে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে। তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যেটি আগে আসে) চুক্তি নবায়ন করা যাবে।

অঃ পৃঃ দ্রঃ-২

(দুই)


- ০৪। নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।
- ০৫। অভিজ্ঞতা সনদ পত্রে উল্লেখিত প্রতিটি চুক্তিকাল তারিখসহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে (কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন) উল্লেখ করতে হবে।
- ০৬। যে সকল প্রার্থী ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তি ভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক)/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে ০৩ বছর/০৬ বছর/ ০৯ বছর কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৭। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীগণের রক্ত সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।।
- ০৮। চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলা জনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/ বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দণ্ড প্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৯। দুই বা ততোধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পরেবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমানিত হলে নিয়োগ প্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।
- ১০। প্রতারনামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণ সহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১১। বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।
- ১২। বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৩। সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর, সাল্লা, দিরাই, ব্রাহ্মনবাড়ীয়া জেলার বিজয়নগর ও সিলেট জেলার ওসমানীনগর উপজেলা এবং হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।
- ১৪। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(মোঃ মোতাহার হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়। (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।
- ০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৫। ডিজিএম, নোয়াপাড়া/নবীগঞ্জ/বানিয়াচং/চুনারুঘাট জোনাল অফিস।
- ০৬। এজিএম (অর্থ-হিসাব/রাজস্ব), হবিগঞ্জ পবিস।
- ০৭। নোটিশ বোর্ড, হবিগঞ্জ পবিস।
- ০৮। অফিস কপি/মাস্টার কপি।



(মোঃ মোতাহার হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার